



০০৫

বয়েটের পরীক্ষা পদ্ধতির পরিবর্তন হবে ন্যা

বাংলাদেশ প্রকৌশল ও কারিগরি বিশ্ববিদ্যালয়ের (বয়েট) একাডেমিক কাউন্সিল বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরীক্ষা পদ্ধতি পরিবর্তন না করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

বাসস জানান যে রোববার এক জরুরী সভায় একাডেমিক কাউন্সিল ক্রাস টেস্টের উপর ৭-দফা নিয়ম গ্রহণ করে। কাউন্সিল ছাত্রদের সাহায্য করতে নেয়া বর্তমান পরীক্ষা পদ্ধতির একটি নিয়মিত অংশ হিসাবে ক্রাস টেস্টকে গুরুত্ব প্রদান করে।

এর আগে বয়েট কর্তৃপক্ষ হুশিয়ারী উচ্চারণ করেন যে তারা ছাত্রদের কোন অবৈধ দাবীর সঙ্গে আপোস করবেন না। কর্তৃপক্ষ এক নোটিফিকেশনে ছাত্রদের নিয়মিত ক্রাসে যোগদানের নির্দেশ প্রদান করেন।

ছাত্ররা তাদের দৃ-দফা দাবী আদায় করতে গতকাল পর পর পঞ্চম দিনের মত ক্রাসে যোগদানে বিরত থাকে। ছাত্ররা ক্রাস টেস্ট পদ্ধতি বাতিল ও তাদের স্টাইপেন্ডের হার বৃদ্ধি দাবী করেছে।